रेल भर्ती बोर्ड / RAILWAY RECRUITMENT BOARD
सी ई एन - 06/2025 - CEN - 06/2025
एनटीपीसी (स्नातक स्तर) की भर्ती / Recruitment of NTPC Graduate Level

# RRB NTPC GRADUATE 2025 CBT 2

Graduate Level | CEN 06/2025

**BENGALI ANSWER KEY**

## Official Answer Key with Solutions

All 1 Shifts · 10-07-2026 to 10-07-2026

| | |
|---|---|
| **Questions** | 120 |
| **Marking** | +1 correct / -1/3 wrong |
| **Duration** | 90 minutes |
| **Sections** | Maths 35 · Reasoning 35 · General Awareness 50 |

Every paper here is the official RRB response sheet with the correct answer marked.

### HOW TO USE THIS BOOK

1. Open the INDEX on the next page.
2. Click any row to jump straight to that date and shift.
3. Correct options are ticked in green, wrong ones crossed in red.
4. Use the bookmarks panel of your PDF reader to move between shifts.

Check your marks, normalized score and zone-wise rank free at
**rank.qmaths.in**


## Blackbook

Score & Rank Calculator · rank.qmaths.in

Compiled 10 September 2026

# INDEX · Click any row to open that paper

RRB NTPC Graduate 2025 (Bengali) · 1 shifts


| DAY | DATE | SHIFT | TIME | PAGE |
|---|---|---|---|---|
| Day 1 | **10-07-2026** | Shift 1 | 09:00 - 10:30 | 3 |


Generated by rank.qmaths.in

रेल भर्ती बोर्ड / RAILWAY RECRUITMENT BOARD
सी ई एन - 06/2025 - CEN - 06/2025
एनटीपीसी (स्नातक स्तर) की भर्ती / Recruitment of NTPC Graduate Level

| | |
|---|---|
| Test Center Name | TCS Gito Bitan |
| Test Date | 10/07/2026 |
| Test Time | 9:00 AM - 10:30 AM |
| Subject | RRB NTPC GRADUATE CBT 2 |

*** Note**
**Correct Answer will carry 1 mark per Question.**
**Incorrect Answer will carry 1/3 Negative mark per Question.**

**1. Options shown in green color with a tick icon are correct.**
**2. Chosen option on the right of the question indicates the option selected by the candidate.**

Section : **RRB NTPC GRADUATE CBT 2**

**Q.1** যদি ‘P’ এর অর্থ ‘×’ হয়, ‘Q’ এর অর্থ ‘÷’ হয়, ‘R’ এর অর্থ ‘–’ হয় এবং ‘S’ এর অর্থ ‘+’ হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কী বসবে?

(42 Q 6) P 5 S 7 P 11 R (64 Q 8) P 2 R 5 P 6 = ?

**Ans**
✗ A. 62
✗ B. 42
✓ C. 66
✗ D. 54

**Q.2** একটি নির্দিষ্ট সাংকেতিক ভাষায়,
A+ B এর অর্থ ‘A হল B এর মা’,
A – B এর অর্থ ‘A হল B এর ভাই’,
A x B এর অর্থ ‘A হল B এর স্ত্রী’,
A % B এর অর্থ ‘A হল B এর বাবা’, এবং
A # B এর অর্থ ‘A হল B এর মেয়ে’।
নিচের কোনটির অর্থ হল যে, Q হল L এর স্ত্রীর বোন?
I. V % Q # K + Z – T x L
II. V + Q # K % Z – T + L
III. V # K x Q % L + T # Z
IV. V + Q # G – Z % T + L

**Ans**
✓ A. কেবল I
✗ B. কেবল IV
✗ C. II এবং IV উভয়ই
✗ D. I এবং III উভয়ই

**Q.3** প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়?
[দ্রষ্টব্য: বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে ব্যতিক্রমী বিকল্পটিকে নির্ধারণ করা যাবে না।]

**Ans**
✓ A. OSV
✗ B. DIL
✗ C. JOR
✗ D. HMP

Blackbook

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now
GET IT ON Google Play

**Q.4** একটি শার্টের দাম প্রথমে 20% বৃদ্ধি পায় এবং পরবর্তীতে 20% হ্রাস পায়। দামের সামগ্রিক শতকরা পরিবর্তন কত?

**Ans**
- ✗ A. 8% হ্রাস
- ✗ B. 0.4% বৃদ্ধি
- ✓ C. 4% হ্রাস
- ✗ D. কোনো পরিবর্তন হবে না

**Q.5** ভারতের সংবিধানের অনুচ্ছেদ 75 (3) এর অধীনে, কোন সংস্থাটি সমষ্টিগতভাবে লোকসভার প্রতি দায়বদ্ধ?

**Ans**
- ✗ A. রাজ্যসভা
- ✓ B. মন্ত্রিপরিষদ
- ✗ C. ভারতের বিত্ত কমিশন
- ✗ D. ভারতের সুপ্রিম কোর্ট

**Q.6** 68.5 m দৈর্ঘ্য এবং 45.6 m প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার মাঠের বাইরের চারপাশ দিয়ে 2.4 m এর সমান প্রস্থ বিশিষ্ট একটি রাস্তা তৈরি করা হল। রাস্তার বাইরের দিকের পরিসীমা এবং মূল মাঠের পরিসীমার মধ্যে পার্থক্য নির্ণয় করুন।

**Ans**
- ✓ A. 19.2 m
- ✗ B. 18.5 m
- ✗ C. 20 m
- ✗ D. 17 m

**Q.7** নরমপন্থীদের চেয়ে চরমপন্থীদের দৃষ্টিভঙ্গি মূলত আলাদা ছিল কারণ চরমপন্থীরা ____।

**Ans**
- ✓ A. গণ অংশগ্রহণ এবং প্রত্যক্ষ রাজনৈতিক আন্দোলনের ওপর জোর দিয়েছিলেন
- ✗ B. স্বরাজ লাভের একমাত্র পথ হিসেবে প্রশাসনিক সংস্কারের প্রচার করেছিলেন
- ✗ C. সরকারের সঙ্গে একচেটিয়া সাংবিধানিক আলোচনার পক্ষে ছিলেন
- ✗ D. জনকল্যাণের উদ্দেশ্যে জাতীয় অর্থনৈতিক নীতিসমূহ প্রয়োগের বিরোধিতা করেছিলেন

**Q.8** এই প্রশ্নটি, প্রদত্ত তিন-অঙ্ক বিশিষ্ট পাঁচটি সংখ্যার উপর ভিত্তি করে তৈরি।

(বামদিক) 715 438 961 127 821 (ডানদিক)
(উদাহরণ- 697 – প্রথম অঙ্ক = 6, দ্বিতীয় অঙ্ক = 9 এবং তৃতীয় অঙ্ক = 7)
(**দ্রষ্টব্য**: সকল কার্যক্রম বামদিক থেকে ডানদিকে সম্পাদন করতে হবে।)

বৃহত্তম সংখ্যার তৃতীয় অঙ্কটির সঙ্গে ক্ষুদ্রতম সংখ্যার দ্বিতীয় অঙ্কটিকে যোগ করলে যোগফল কত হবে?

**Ans**
- ✓ A. 3
- ✗ B. 6
- ✗ C. 9
- ✗ D. 10

**Q.9** X একটি 750 মিটারের রৈখিক দৌড় প্রতিযোগিতায় Y কে 10 মিটারের ব্যবধানে পরাজিত করে। Y আবার 444 মিটারের একটি দৌড়ে, Z কে 6 মিটারের ব্যবধানে পরাজিত করে। X তাহলে 150 মিটারের একটি দৌড়ে, Z কে কত মিটারের ব্যবধানে পরাজিত করবে?

**Ans**
- ✗ A. 3
- ✗ B. 2
- ✓ C. 4
- ✗ D. 6

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now
GET IT ON Google Play

Q.10 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যৌক্তিকভাবে সম্পূর্ণ হবে?

LTP25 MUQ36 NVR47 OWS58 ?

Ans
- ✔ A. PXT69
- ✗ B. PXU69
- ✗ C. PXT68
- ✗ D. PXU68

Q.11 প্রদত্ত দু'টি সেটের প্রতিটিতে, প্রথম সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে দ্বিতীয় সংখ্যাটি পাওয়া যায়। একইভাবে, দ্বিতীয় সংখ্যার উপর নির্দিষ্ট গাণিতিক কার্যক্রম(সমূহ) সম্পাদন করলে তৃতীয় সংখ্যাটি পাওয়া যায় এবং এইভাবে সেটের বাকি সংখ্যাগুলিও পাওয়া যায়। প্রদত্ত বিকল্পগুলির মধ্যে কোনটি প্রদত্ত সেটগুলির মতো অনুরূপ গাণিতিক কার্যক্রম(সমূহ) অনুসরণ করে?
(দ্রষ্টব্য: সংখাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

5 – 5 – 25 - 125;
4 – 4 – 16 – 64

Ans
- ✔ A. 6 – 6 – 36 – 216
- ✗ B. 3 – 3 – 9 – 36
- ✗ C. 8 – 8 – 64 – 520
- ✗ D. 7 – 7 – 49 – 94

Q.12 নিম্নলিখিত বর্ণ, সংখ্যা, চিহ্নের ক্রমটি দেখুন এবং প্রশ্নটির উত্তর দিন। শুধুমাত্র বামদিক থেকে ডানদিকে গণনা করতে হবে। (সকল সংখ্যা শুধুমাত্র এক-অঙ্ক বিশিষ্ট)
(বামদিক) S R E S 2 U ^ $ + X B 7 N M 7 4 C Z 5 @ U 4 D / (ডানদিক)
এমন কতগুলি সংখ্যা আছে, যার প্রতিটির ঠিক পূর্বে একটি বর্ণ এবং ঠিক পরে একটি চিহ্ন আছে?

Ans
- ✗ A. একটিও না
- ✗ B. দুটি
- ✗ C. তিনটি
- ✔ D. একটি

Q.13 আপনার কাছে একটি বড়ো ডেটাসেট (Large dataset) আছে এবং বিভিন্ন কলামের ভিত্তিতে প্রায়শই সর্ট (Sort) করার প্রয়োজন হয়। বারবার "Sort" ডায়ালগ বক্স ওপেন না করেই দ্রুত বিভিন্ন সর্টিং ক্রাইটেরিয়া (Sorting criteria) অ্যাক্সেস এবং অ্যাপ্লাই করার একটি কার্যকর উপায় কী?

Ans
- ✗ A. প্রয়োজনীয় কলামটি প্রতিবার ম্যানুয়ালি সিলেক্ট করা এবং কুইক সর্ট বাটনগুলি ব্যবহার করা।
- ✔ B. বহুল ব্যবহৃত প্রতিটি সর্ট অর্ডারের (commonly used sort order) জন্য একটি করে ম্যাক্রো রেকর্ড করে রাখা।
- ✗ C. আপনি যে কলামগুলো দিয়ে সর্ট করতে (sort by) চান, তার প্রত্যেকটির জন্য স্লাইসার (Slicers) ক্রিয়েট করা।
- ✗ D. কুইক অ্যাক্সেস টুলবারে "Sort" কমান্ডটি অ্যাড করা এবং প্রতিবার সর্ট সেটিংস কনফিগার করা।

Q.14 নিচের কোন মৌলিক অধিকারটি শুধুমাত্র নাগরিকদের জন্য উপলব্ধ কিন্তু বিদেশিদের জন্য উপলব্ধ নয়?

Ans
- ✔ A. বাক্যের ও অভিব্যক্তির স্বাধীনতার অধিকার
- ✗ B. শোষণ থেকে ত্রাণের অধিকার
- ✗ C. বিধিসমক্ষে সমতার অধিকার
- ✗ D. প্রাণ ও দৈহিক স্বাধীনতার অধিকার

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now
GET IT ON Google Play

Q.15 কলকাতার বিখ্যাত 'মার্বেল প্যালেস' কে নির্মাণ করেছিলেন, যা তার রেনেসাঁ শিল্পকর্মের সংগ্রহ এবং নব্য-ধ্রুপদী স্থাপত্যের জন্য সুপরিচিত?

Ans
- ✗ A. দাদাভাই নওরোজি
- ✗ B. কেশব চন্দ্র সেন
- ✓ C. রাজা রাজেন্দ্র মল্লিক
- ✗ D. বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায়

Q.16 L হল M এর মা। M হল O এর মা। O হল H এর বোন। H হল P এর স্ত্রী। P হল F এর বাবা। F হল G এর মা। M কীভাবে F এর সঙ্গে সম্পর্কিত?

Ans
- ✗ A. বোনের মেয়ে
- ✓ B. মায়ের মা
- ✗ C. মায়ের বোন
- ✗ D. বাবার বোন

Q.17 যদি (x + 3) এবং (x − 3) এর মধ্য সমানুপাতিক 4 হয়, তাহলে x এর মান কত হবে, যেখানে x>0 ?

Ans
- ✗ A. 4
- ✗ B. 6
- ✓ C. 5
- ✗ D. 3

Q.18 নিচের মিশ্র আবৃত্ত দশমিক (mixed recurring decimals) সম্বলিত সমীকরণটি সমাধান করুন এবং সমাধানটিকে সামান্য ভগ্নাংশ (vulgar fraction) হিসেবে প্রকাশ করে x এর মান নির্ণয় করুন।
3x + 2.3666... = 5.4666...

Ans
- ✗ A. $\frac{31}{20}$
- ✗ B. $\frac{29}{31}$
- ✓ C. $\frac{31}{30}$
- ✗ D. $\frac{31}{26}$

Q.19 উচ্চ আর্দ্রতা ধরে রাখার ক্ষমতার কারণে, ভারতে কোন ধরণের মৃত্তিকাকে ঐতিহ্যগতভাবে তুলা চাষের জন্য সবচেয়ে উপযুক্ত বলে মনে করা হয়?

Ans
- ✗ A. হিমালয়ের নদনদীর দ্বারা সঞ্চিত পললমৃত্তিকা
- ✗ B. শুষ্ক পশ্চিমাঞ্চলে পাওয়া মরু অঞ্চলের মৃত্তিকা
- ✗ C. অতিরিক্ত বৃষ্টিপাতযুক্ত অঞ্চলের ল্যাটেরাইট মৃত্তিকা
- ✓ D. কাদা ও আর্দ্রতা-সমৃদ্ধ কৃষ্ণমৃত্তিকা

Q.20 অম্লীয় দ্রবণে তড়িৎ প্রবাহিত হওয়ার কারণ কী?

Ans
- ✗ A. দ্রবণে থাকা ধাতুসমূহ
- ✗ B. কেবল নিস্তড়িৎ অণুসমূহ
- ✓ C. দ্রবণে উপস্থিত আয়নসমূহ
- ✗ D. উৎপন্ন গ্যাসীয় বুদবুদ

Q.21 যদি একটি সংখ্যার 40% এর সাথে 240 যোগ করা হয়, তাহলে যোগফল হিসেবে মূল সংখ্যাটিই পাওয়া যায়। মূল সংখ্যাটির 50% এর মান কত?

Ans
- ✗ A. 300
- ✗ B. 220
- ✓ C. 200
- ✗ D. 440

Blackbook

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now

**Q.22** যদি 12 জন শ্রমিক 18 দিনে একটি প্রাচীর নির্মাণ সম্পন্ন করতে পারেন, তাহলে 8 জন শ্রমিক কত দিনে তা সম্পন্ন করবে?

Ans
- ✗ A. 36 দিন
- ✓ B. 27 দিন
- ✗ C. 30 দিন
- ✗ D. 32 দিন

**Q.23** একটি লেন্সের সামনে 10 cm দূরত্বে একটি বস্তু রাখা হলো। লেন্সের যে পাশে বস্তুটি আছে, সেই পাশেই 30 cm দূরত্বে বস্তুটির প্রতিবিম্ব গঠিত হয়। লেন্সটির বিবর্ধন কত?

Ans
- ✗ A. -3
- ✓ B. 3
- ✗ C. -0.3
- ✗ D. 0.3

**Q.24** পঞ্চায়েতিরাজ ব্যবস্থার কোন স্তরে মণ্ডল বা তালুক পঞ্চায়েত কাজ করে?

Ans
- ✗ A. মহানগর স্তর
- ✗ B. গ্রাম স্তর
- ✗ C. জেলা স্তর
- ✓ D. মধ্যবর্তী স্তর

**Q.25** পারমাণবিক সংকেতে Z চিহ্নটি কী নির্দেশ করে?

Ans
- ✗ A. আধান
- ✗ B. নিউট্রন সংখ্যা
- ✓ C. পারমাণবিক সংখ্যা
- ✗ D. ভরসংখ্যা

**Q.26** দ্বিতীয় পঞ্চবার্ষিকী পরিকল্পনার সময়ে গৃহীত শিল্পনীতি প্রস্তাবের (1956) মূল লক্ষ্য কোনটি ছিল?

Ans
- ✗ A. কেবল ভোগ্যপণ্য শিল্পের বিকাশ ঘটানো
- ✓ B. সমাজে একটি সমাজতান্ত্রিক কাঠামো গড়ে তোলা
- ✗ C. সরকারি খাতের অংশগ্রহণ হ্রাস করা
- ✗ D. ভারী শিল্পগুলোর বেসরকারীকরণ করা

**Q.27** নির্দিষ্ট সংখ্যক ব্যক্তি উত্তরদিকে মুখ করে একটি সারিতে বসে আছে। E বসে আছে সারির একেবারে বামপ্রান্তে। ঠিক সাতজন বসে আছে E এবং F এর মাঝে। A বসে আছে F এর ডানদিকে তৃতীয় স্থানে। ঠিক চারজন বসে আছে C এবং B এর মাঝে। C বসে আছে E এবং F এর ঠিক মাঝে। ঠিক চারজন বসে আছে B এবং D এর মাঝে। D বসে আছে কোনো একটি প্রান্তে। সারিতে মোট কতজন ব্যক্তি বসে আছে?

Ans
- ✓ A. 15
- ✗ B. 10
- ✗ C. 8
- ✗ D. 12

**Q.28** একটি প্রশ্নের পরে I এবং II দুটি বিবৃতি দেওয়া আছে। বিবৃতিগুলিতে প্রদত্ত তথ্য প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট কিনা, তা চিহ্নিত করুন।

H, I, J, K, এবং L এর মধ্যে কে সবচেয়ে লম্বা?

(I) J হল H এবং I এর চেয়ে লম্বা কিন্তু K এর চেয়ে খাটো।
(II) L হল K এর চেয়ে খাটো কিন্তু J এর চেয়ে লম্বা।

Ans
- ✓ A. প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতি I এবং II উভয়ই একত্রে যথেষ্ট (কেবল বিবৃতি I বা কেবল বিবৃতি II যথেষ্ট নয়)
- ✗ B. শুধুমাত্র বিবৃতি II এর তথ্য প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এর তথ্য যথেষ্ট নয়
- ✗ C. শুধুমাত্র বিবৃতি I এর তথ্য প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II এর তথ্য যথেষ্ট নয়
- ✗ D. উভয় বিবৃতি I এবং II একত্রে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়

Generated by rank.qmaths.in

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now

Q.29 যদি ক্রেতা একটি নির্দিষ্ট পণ্য 100 ইউনিটের বেশি ক্রয় করেন, তবে একজন পাইকারি বিক্রেতা মোট কেনাকাটার উপর 2% এর একটি বিশেষ ছাড় দেন। প্রতি ইউনিটের দাম ₹20 হলে, ক্রেতা যদি 150 ইউনিট কেনেন তবে তাকে মোট কত অর্থ দিতে হবে?

Ans
- ✗ A. ₹2,980
- ✓ B. ₹2,940
- ✗ C. ₹3,020
- ✗ D. ₹3,000

Q.30 4,6,8,10,12,14 ডেটার মধ্যমা নির্ণয় করুন:

Ans
- ✓ A. 9
- ✗ B. 10
- ✗ C. 8
- ✗ D. 11

Q.31 সিন্ধু সভ্যতার কোন স্থানটিতে একটি পোতাশ্রয় আবিষ্কৃত হয়েছিল?

Ans
- ✗ A. কালিবঙ্গান
- ✓ B. লোথাল
- ✗ C. হরপ্পা
- ✗ D. মহেঞ্জোদারো

Q.32 যদি '+' ও '−' পরস্পর স্থান বিনিময় করে এবং '×' ও '÷' পরস্পর স্থান বিনিময় করে, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?

35 + 10 × 2 − 15 ÷ 3 = ?

Ans
- ✓ A. 75
- ✗ B. 77
- ✗ C. 76
- ✗ D. 74

Q.33 ডেটাগুলির গড়ের সাপেক্ষে গড় বিচ্যুতি (mean deviation) নির্ণয় করুন।

5, 10, 15, 20, 25

Ans
- ✗ A. 7
- ✗ B. 5
- ✗ C. 8
- ✓ D. 6

Q.34 প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?

39 52 65 78 91 ?

Ans
- ✗ A. 99
- ✗ B. 117
- ✗ C. 110
- ✓ D. 104

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now
GET IT ON Google Play

Q.35 A এবং B একটি কাজ এককভাবে যথাক্রমে 9 দিনে এবং 22 দিনে শেষ করতে পারে। যদি তারা একসঙ্গে 2 দিন কাজ করে, তবে কাজটির কত অংশ অসমাপ্ত থাকবে?

Ans

A. $\frac{73}{99}$

B. $\frac{76}{99}$

✔ C. $\frac{68}{99}$

D. $\frac{71}{99}$

Q.36 ΔXYZ এ, XT হল ∠X এর সমদ্বিখণ্ডক যা YZ বাহুকে T বিন্দুতে ছেদ করে। যদি XY = 5.6 cm, YZ = 6 cm এবং YT = 3.2 cm হয়, তবে XZ এর মান কত?

Ans

A. 4.2 cm

✔ B. 4.9 cm

C. 6 cm

D. 5.4 cm

Q.37 বায়ু বা মাটি থেকে প্রাপ্ত কার্বন ডাই অক্সাইড একটি রাসায়নিক আবহবিকার প্রক্রিয়ায় জলের সঙ্গে যুক্ত হয়, যা _______ নামে পরিচিত।

Ans

✔ A. কার্বোনেশন

B. কার্বুরেশন

C. কার্বক্সিলেশন

D. কার্বোলেশন

Q.38 10 বাহুবিশিষ্ট একটি আকৃতির (figure) পাঁচটি অন্তঃস্থ কোণের প্রতিটি 185 ডিগ্রি। যদি অবশিষ্ট পাঁচটি অন্তঃস্থ কোণ সমান হয়, তবে ওই পাঁচটি কোণের প্রতিটির মান (ডিগ্রিতে) কত?

Ans

A. 107

✔ B. 103

C. 105

D. 101

Q.39 নিচের কাকে 1885 সালে ভারতীয় জাতীয় কংগ্রেস প্রতিষ্ঠার কৃতিত্ব দেওয়া হয়?

Ans

A. লর্ড কার্জন

✔ B. অ্যালান অক্টাভিয়ান হিউম

C. লর্ড রিপন

D. লর্ড ডাফরিন

Q.40 একজন শিক্ষার্থী একটি যৌগকে উত্তপ্ত করার সময় বাদামী ধোঁয়া নির্গত হতে দেখল। নিচের কোনটির সেই যৌগটি হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি?

Ans

✔ A. $Pb(NO_3)_2$

B. NaCl

C. AgCl

D. $CaCO_3$

Q.41 ভারতে নিয়ন্ত্রিত সুদের হার (administered interest rates) থেকে বাজার-নির্ধারিত সুদের হারে (market-determined rates) পরিবর্তনের সুপারিশ কোন কমিটি করেছিল?

Ans

A. চেল্লিয়াহ কমিটি (1991)

B. কেলকার কমিটি (2002)

C. রঙ্গরাজন কমিটি (1997)

✔ D. প্রথম নরসিংহম কমিটি (1991)

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now
GET IT ON Google Play

Q.42 A, B, C, D, S, T এবং U এর প্রত্যেকে, জানুয়ারি থেকে শুরু হয়ে ডিসেম্বরে শেষ হয় এমন একটি বছরের জানুয়ারি, ফেব্রুয়ারি, এপ্রিল, মে, জুন, সেপ্টেম্বর এবং ডিসেম্বর এই ভিন্ন ভিন্ন মাসগুলিতে জন্মেছে। D জন্মেছে জুন মাসে। কেবল S এর বয়স B এর চেয়ে কম। C এর বয়স T এর চেয়ে বেশি কিন্তু A এর চেয়ে কম। U জন্মেছে ফেব্রুয়ারি মাসে। B এবং A এর মাঝে কতজন জন্মেছে?

Ans
- ✗ A. দুই
- ✗ B. এক
- ✗ C. তিন
- ✓ D. চার

Q.43 উনিশ শতকের শুরুর দিকে, 1812 সালে কৃষিক্ষেত্রে ব্রিটিশদের শোষণের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তুলতে কেরালার ওয়ানাড অঞ্চলের প্রথম কৃষিভিত্তিক উপজাতির মানুষেরা একটি বিদ্রোহ সংগঠিত করেছিলেন। এই বিদ্রোহটি কী নামে পরিচিত?

Ans
- ✗ A. কাদর (Kadar) উপজাতি বিদ্রোহ
- ✗ B. কোয়া (Koya) বিপ্লব
- ✗ C. কুরুম্বা (Kurumba) আন্দোলন
- ✓ D. কুরিচিয়া (Kurichiya) বিদ্রোহ

Q.44 মহারাষ্ট্রের নিচের কোন দ্বীপটি তার প্রাচীন গুহা এবং পঞ্চম শতাব্দীর ভাস্কর্যের জন্য পরিচিত একটি UNESCO বিশ্ব ঐতিহ্যবাহী স্থান?

Ans
- ✗ A. খান্দেরি দ্বীপ
- ✗ B. বুচর দ্বীপ
- ✗ C. সালসেট দ্বীপ
- ✓ D. এলিফ্যান্টা দ্বীপ

Q.45 ওমাইরা F বিন্দু থেকে যাত্রা শুরু করে দক্ষিণদিকে 45 m হাঁটে। এরপর সে বামদিকে বাঁক নিয়ে 30 m হাঁটে এবং তারপর সে আবার বামদিকে বাঁক নিয়ে 20 m হেঁটে C বিন্দুতে পৌঁছায়।
অঞ্জন Q বিন্দু থেকে যাত্রা শুরু করে, যা C বিন্দু থেকে 15 m উত্তরদিকে অবস্থিত। এরপর সে পূর্বদিকে 30 m হাঁটে, বামদিকে বাঁক নিয়ে 10 m হেঁটে U বিন্দুতে পৌঁছায়।
F এবং U বিন্দুর মধ্যে সর্বনিম্ন দূরত্ব কত? (নির্দিষ্টভাবে উল্লেখ করা না থাকলে, সকল বাঁক 90° ধরতে হবে।)

Ans
- ✗ A. 25 m
- ✗ B. 75 m
- ✓ C. 60 m
- ✗ D. 35 m

Q.46 নিচের ত্রয়ীগুলির প্রতিটি বর্ণগুচ্ছ একটি নির্দিষ্ট যুক্তি অনুসরণ করে তার পরবর্তী বর্ণগুচ্ছের সঙ্গে সম্পর্কিত। প্রদত্ত বিকল্পগুলি থেকে, অনুরূপ যুক্তি অনুসরণকারী ত্রয়ীটি চয়ন করুন।

BARS - ARBS - SRAB
FLAM - LAFM - MALF

Ans
- ✗ A. WAST - WSAT - TSAW
- ✗ B. MIND - INMD - INDM
- ✓ C. KEAT - EAKT - TAEK
- ✗ D. BALK - ABLK - KALB

Q.47 সাস্টেইনেবল হার্নেসিং অ্যান্ড অ্যাডভান্সমেন্ট অফ নিউক্লিয়ার এনার্জি ফর ট্রান্সফর্মিং ইন্ডিয়া অ্যাক্ট, 2025-এর অধীনে নিচের কোন বোর্ডটি স্থাপন করা হবে?

Ans
- ✗ A. ন্যাশনাল নিউক্লিয়ার সেফটি বোর্ড
- ✓ B. অ্যাটোমিক এনার্জি রেগুলেটরি বোর্ড
- ✗ C. নিউক্লিয়ার পাওয়ার ডেভলপমেন্ট বোর্ড
- ✗ D. সেন্ট্রাল রেডিয়েশন মনিটরিং বোর্ড

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now
GET IT ON Google Play

Q.48 একজন বিজ্ঞানী আলুর কন্দের সঞ্চয়ী কলায় অনেক বর্ণহীন প্লাস্টিডযুক্ত একটি উদ্ভিদ কোষ দেখতে পান। এই প্লাস্টিডগুলোর সঙ্গে কোন কাজটি যুক্ত হওয়ার সম্ভাবনা সবচেয়ে বেশি?

Ans
- ✗ A. সূর্যালোক শোষণ করে শক্তি উৎপাদন করা
- ✗ B. লাল এবং হলুদ রঞ্জক পদার্থ সংশ্লেষণ করা
- ✗ C. প্রোটিন সংশ্লেষণের জন্য অ্যামাইনো অ্যাসিড তৈরি করা
- ✓ D. সালোকসংশ্লেষণের মাধ্যমে তৈরি শ্বেতসার (starch) সঞ্চয় করা

Q.49 56 cm দীর্ঘ এবং 40 cm প্রস্থবিশিষ্ট একটি আয়তাকার ধাতব পাতের প্রতিটি কোণ থেকে 10 cm বাহুবিশিষ্ট একটি করে বর্গাকার অংশ কেটে নেওয়া হল। এরপর অবশিষ্ট পাতটি দিয়ে একটি বাক্স তৈরি করা হল। ওই বাক্সটির মধ্যে 4.0 cm দৈর্ঘ্য, 2.0 cm প্রস্থ এবং 1.5 cm উচ্চতাবিশিষ্ট কতগুলি দেশলাই বাক্স রাখা যাবে?

Ans
- ✗ A. 610টি বাক্স
- ✗ B. 620টি বাক্স
- ✓ C. 600টি বাক্স
- ✗ D. 550টি বাক্স

Q.50 চোলদের আমলে স্থানীয় স্বায়ত্তশাসন ব্যবস্থা নিচের কোন বিকল্পটিতে সবচেয়ে ভালোভাবে নির্দেশিত হয়েছে?

Ans
- ✗ A. আইহোল শিলালিপি
- ✓ B. উত্তরামেরুর শিলালিপি
- ✗ C. এলাহাবাদ স্তম্ভলিপি
- ✗ D. হাতিগুম্ফা শিলালিপি

Q.51 প্রদত্ত ক্রমটি দেখুন এবং প্রশ্নটির উত্তর দিন। গণনা কেবল বামদিক থেকে ডানদিকে করতে হবে।

(বামদিক) Y 7 H # 4 B Q $ 3 L 9 @ N 8 X Z * & T 2 R (ডানদিক)

ক্রমটিতে, এমন কতগুলি চিহ্ন আছে, যার প্রতিটির ঠিক আগে একটি সংখ্যা এবং ঠিক পরে একটি বর্ণ আছে?

Ans
- ✗ A. দুই
- ✓ B. এক
- ✗ C. তিন
- ✗ D. একটাও নয়

Q.52 "দ্য গাইড" (The Guide) বিখ্যাত উপন্যাসটি কোন ভারতীয় লেখক লিখেছিলেন?

Ans
- ✗ A. বিক্রম শেঠ
- ✓ B. আর.কে. নারায়ণ
- ✗ C. খুশবন্ত সিং
- ✗ D. রাজা রাও

Q.53 2025 সালে পালিত আন্তর্জাতিক দুর্যোগ ঝুঁকি হ্রাসকরণ দিবস (International Day for Disaster Risk Reduction) (IDDRR)-এর থিম কী ছিল?

Ans
- ✗ A. ইনভেস্টিং ইন সাস্টেইনেবল ফিউচারস (Investing in Sustainable Futures)
- ✗ B. রিবিল্ডিং কমিউনিটিজ টুগেদার (Rebuilding Communities Together)
- ✗ C. স্ট্রেংদেনিং আর্লি ওয়ার্নিং সিস্টেমস (Strengthening Early Warning Systems)
- ✓ D. ফান্ড রেজিলিয়েন্স, নট ডিজাস্টারস (Fund Resilience, Not Disasters)

Q.54 A এবং B একটি কাজ 35 দিনে সম্পন্ন করতে পারে। যদি A একা কাজটি 60 দিনে করতে পারে, তবে B একা একই কাজের এক-তৃতীয়াংশ _____ দিনে করতে পারবে।

Ans
- ✗ A. 42
- ✗ B. 84
- ✗ C. 36
- ✓ D. 28

Blackbook

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now

Q.55 সুশান্ত এবং বরুণ 400 মিটার দৈর্ঘ্যের একটি বৃত্তাকার পথে দৌড়াচ্ছে। সুশান্ত 100 সেকেন্ডে এবং বরুণ 80 সেকেন্ডে এক পাক সম্পন্ন করে। তারা একই বিন্দু থেকে, একই সময়ে, বিপরীত দিকে দৌড়াতে শুরু করে। তারা দু'জনে আবার একসঙ্গে প্রারম্ভিক বিন্দুতে ফিরে আসার আগে কতবার একে অপরের সঙ্গে মিলিত হবে?

Ans
✔ A. 8
✘ B. 12
✘ C. 9
✘ D. 10

Q.56 ভারতীয় সংবিধানের কোন অনুচ্ছেদটি জনগণকে কার্যকরভাবে সুরক্ষা ও নিরাপত্তা প্রদানের মাধ্যমে জনকল্যাণকে প্রোন্নত করার চেষ্টা করে?

Ans
✘ A. অনুচ্ছেদ 40
✘ B. অনুচ্ছেদ 39
✘ C. অনুচ্ছেদ 41
✔ D. অনুচ্ছেদ 38

Q.57 বিকল্পগুলি থেকে, নিচে প্রদত্ত ত্রয়ী দু'টির মতো অনুরূপ বিন্যাস অনুসরণকারী ত্রয়ীটি চয়ন করুন। উভয় ত্রয়ী অনুরূপ বিন্যাস অনুসরণ করে।

CF – GI – KL
MP - QS – UV

Ans
✔ A. OR – SU – WX
✘ B. PL – RN – TP
✘ C. RM – QT – PR
✘ D. BF – EI – HL

Q.58 নিচের বিবৃতি (A) এবং কারণ (R) দুটি পড়ুন এবং সঠিক বিকল্পটি চয়ন করুন।

**বিবৃতি (A):** ভারতের নির্বাচন কমিশন নির্দিষ্ট মানদণ্ডের ভিত্তিতে রাজনৈতিক দলগুলিকে জাতীয় বা রাজ্যভিত্তিক দল হিসেবে স্বীকৃতি দেয়।
**কারণ (R):** রাজনৈতিক দলগুলোর স্বীকৃতি তাদের নির্বাচনী কর্মকাণ্ড এবং ভারতের নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত নিয়মাবলী মেনে চলার ওপর নির্ভর করে।

Ans
✘ A. A এবং R উভয়ই সত্য, কিন্তু A এর সঠিক ব্যাখ্যা R নয়।
✘ B. A মিথ্যা, R সত্য।
✘ C. A সত্য, R মিথ্যা।
✔ D. A এবং R উভয়ই সত্য, এবং R হল A এর সঠিক ব্যাখ্যা।

Q.59 A, B, C, M, N এবং O প্রত্যেকে আলাদা নম্বর পেয়েছে। B এর চেয়ে মাত্র দু'জন কম নম্বর পেয়েছে। C এর প্রাপ্ত নম্বর M এর চেয়ে বেশি, কিন্তু তাদের দু'জনের মাঝে অন্য কোনো ব্যক্তির নম্বর নেই। M এবং O এর মাঝে মাত্র দু'জন নম্বর পেয়েছে। A এর প্রাপ্ত নম্বর N এর চেয়ে বেশি। কেউ O এর চেয়ে কম নম্বর পায়নি। কতজন ব্যক্তি N এর চেয়ে বেশি নম্বর পেয়েছে?

Ans
✘ A. এক
✘ B. তিন
✔ C. চার
✘ D. দুই

Q.60 অববাহিকা বা প্রধান নদী ও তার উপনদী বাহিত অঞ্চলের দিক থেকে, নিচের কোন নদীটি ভারতের বৃহত্তম নদী অববাহিকা গঠন করে?

Ans
✘ A. নর্মদা
✔ B. গঙ্গা
✘ C. গোদাবরী
✘ D. কৃষ্ণা

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now

**Q.61** ভারতের অর্থনৈতিক সমীক্ষা (2002-03)-তে, 1991 সালের সংস্কারের পর বিশ্বায়নের প্রভাব নিয়ে আলোচনা করা হয়েছে। কোনো জেলা যখন নতুন শিল্পকে আকর্ষণ করতে চায়, তখন কোন কৌশলটি এই প্রভাবকে সবচেয়ে ভালোভাবে প্রতিফলিত করে?

**Ans**
- ✔ A. দেশীয় ও বিদেশী যৌথ উদ্যোগকে উৎসাহিত করা
- ✗ B. শিল্প লাইসেন্সিং ব্যবস্থার সম্প্রসারণ করা
- ✗ C. বিদেশী আর্থিক প্রতিষ্ঠানগুলোর ওপর বিধিনিষেধ আরোপ করা
- ✗ D. কৃষি ভর্তুকি বৃদ্ধি করা

**Q.62** প্রতিটি 216 $cm^3$ আয়তনবিশিষ্ট দুটি ঘনককে পাশাপাশি জুড়ে একটি আয়তঘনক তৈরি করা হল। আয়তঘনকটির কর্ণের দৈর্ঘ্য নির্ণয় করুন।

**Ans**
- ✗ A. $5\sqrt{2}$ cm
- ✗ B. $7\sqrt{3}$ cm
- ✔ C. $6\sqrt{6}$ cm
- ✗ D. $8\sqrt{7}$ cm

**Q.63** একটি MS PowerPoint প্রেজেন্টেশনকে PDF ফরম্যাটে রূপান্তর করার প্রধান সুবিধা কী?

**Ans**
- ✔ A. এটি PowerPoint সফটওয়্যার ছাড়াই সর্বজনীনভাবে দেখার বিষয়টি (universal viewing) নিশ্চিত করে।
- ✗ B. এটি একাধিক সফটওয়্যার অ্যাপ্লিকেশনের মাধ্যমে ক্রস-প্ল্যাটফর্ম এডিটিংয়ের সুবিধা দেয়।
- ✗ C. এটি দৃশ্যমানতার গুণমান (visual quality) বজায় রেখে ফাইলের আকার উল্লেখযোগ্যভাবে কমিয়ে দেয়।
- ✗ D. এটি স্বয়ংক্রিয়ভাবে ডকুমেন্ট এনক্রিপশন এবং পাসওয়ার্ড প্রোটেকশনকে কার্যকর করে।

**Q.64** প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
111, 223, 449, 903, 1813, ?

**Ans**
- ✗ A. 3036
- ✗ B. 3536
- ✔ C. 3635
- ✗ D. 3630

**Q.65** সংখ্যা/ চিহ্নের একটি দলকে, নিচে প্রদত্ত বর্ণ-সংকেত ব্যবহার করে এবং প্রদত্ত শর্তাবলি অনুসারে, সংকেতভুক্ত করা হয়েছে। এই শর্তাবলি অনুসারে ঠিক সংকেত-সমবায়টিকে আপনার উত্তর হিসাবে প্রকাশ করুন।
দ্রষ্টব্য: যদি কোনো শর্তই প্রযোজ্য না হয়, তাহলে সংশ্লিষ্ট সংখ্যা/ চিহ্নের ক্ষেত্রে সরাসরি সারণিতে দেওয়া সংকেত অনুসরণ করতে হবে।

| সংখ্যা/ চিহ্ন | 3 | $ | 5 | 1 | @ | % | 2 | & | + | 7 | # | 8 | 4 | 6 |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| সংকেত | W | I | D | M | O | H | Z | T | G | S | U | E | X | V |

শর্তাবলি:
(i) যদি প্রথম এবং শেষ উপাদান উভয়ই চিহ্ন হয়, তাহলে এই দু'টির (প্রথম এবং শেষ উপাদান) সংকেতগুলিকে পরস্পর বিনিময় করতে হবে।
(ii) যদি প্রথম উপাদানটি একটি বিজোড় সংখ্যা এবং শেষ উপাদানটি একটি জোড় সংখ্যা হয়, তাহলে প্রথম এবং শেষ উপাদান উভয়কেই © হিসাবে সংকেতভুক্ত করতে হবে।
(iii) যদি দ্বিতীয় এবং তৃতীয় উপাদান উভয়ই পূর্ণবর্গ সংখ্যা হয়, তাহলে তৃতীয় উপাদানটিকে দ্বিতীয় উপাদানের সংকেত হিসাবে সংকেতভুক্ত করতে হবে।

নিচের সংখ্যা-চিহ্নগুচ্ছটির সংকেত কী হবে?
3 % @ 1 4

**Ans**
- ✗ A. W M O H ©
- ✗ B. © M O H ©
- ✔ C. © H O M ©
- ✗ D. W H O M X

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now

**Q.66** $10\sin A + \cos A = \sqrt{6}\sin A$ হ'লে $\tan A$ এর মান কত?

**Ans**

✗ A. $\dfrac{-10-\sqrt{6}}{99}$

✗ B. $\dfrac{-11-\sqrt{6}}{96}$

✗ C. $\dfrac{-10-\sqrt{6}}{96}$

✓ D. $\dfrac{-10-\sqrt{6}}{94}$

**Q.67** সম্রাট অশোকের শিলালিপিগুলি মূলত কোন লিপিতে রচিত হয়েছিল?

**Ans**

✗ A. দেবনাগরী

✗ B. গুপ্ত লিপি

✓ C. ব্রাহ্মী

✗ D. খরোষ্ঠী

**Q.68** V, U, T, O, N, M এবং L এর প্রত্যেকে, জানুয়ারি থেকে শুরু হয়ে ডিসেম্বরে শেষ হয় এমন একটি বছরের জানুয়ারি, মার্চ, মে, জুন, জুলাই, সেপ্টেম্বর এবং ডিসেম্বর এই ভিন্ন ভিন্ন মাসগুলিতে জন্মেছে। M এর চেয়ে মাত্র দু'জনের বয়স বেশি। L এবং M এর মাঝে মাত্র দু'জন ব্যক্তি জন্মেছে। O এর চেয়ে শুধুমাত্র U এর বয়স বেশি। T এর বয়স N এর চেয়ে বেশি কিন্তু V এর চেয়ে কম।
T এবং U এর মাঝে কতজন জন্মেছে?

**Ans**

✓ A. তিনজন

✗ B. একজন

✗ C. দুজন

✗ D. চারজন

**Q.69** একটি মূলধন, নির্দিষ্ট চক্রবৃদ্ধি সুদের (বার্ষিক দেয়) হারে, 7 বছরে নিজের তিনগুণ সবৃদ্ধিমূল প্রদান করে। কত বছরে তা নিজের 27 গুণ সবৃদ্ধিমূল প্রদান করবে?

**Ans**

✓ A. 21 বছরে

✗ B. 23 বছরে

✗ C. 11 বছরে

✗ D. 31 বছরে

**Q.70** প্রদত্ত ক্রমের প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কোন বর্ণ-সংখ্যাগুচ্ছটি বসলে ক্রমটি যৌক্তিকভাবে সম্পূর্ণ হবে?

KDW 25, NGZ 35, QJC 55, TMF 95, WPI 175, ?

**Ans**

✗ A. LSL 335

✓ B. ZSL 335

✗ C. ZML 335

✗ D. ZSG 335

**Q.71** একটি নতুন কীটনাশক ব্যবহারের ফলে কৃষি জমিতে কীটপতঙ্গের সংখ্যা কমে যায়। পাখি, উদ্ভিদ এবং বিয়োজকদের ভূমিকার কথা বিবেচনা করে, ওই জমির খাদ্যজালের ওপর সম্ভাব্য সবচেয়ে বড় প্রভাবটি অনুমান করুন।

**Ans**

✗ A. মৃত জৈব পদার্থের পরিমাণ বেড়ে যাওয়ায় বিয়োজকদের সংখ্যা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে।

✓ B. কীটপতঙ্গ জাতীয় শিকার কমে যাওয়ায় পাখিদের সংখ্যা হ্রাস পেতে পারে, যা শক্তির প্রবাহকে পরিবর্তন করবে।

✗ C. পরাগবাহকদের (Pollinators) অভাবে উদ্ভিদের সংখ্যা মারাত্মকভাবে হ্রাস পাবে।

✗ D. বাস্তুতন্ত্রের সকল পুষ্টিস্তরে শক্তির প্রবাহ সম্পূর্ণরূপে বন্ধ হয়ে যাবে।

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now

Q.72 যদি '+' ও '–' পরস্পর স্থান বিনিময় করে এবং 'x' ও '÷' পরস্পর স্থান বিনিময় করে, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কোন সংখ্যাটি বসবে?

81 x 9 – 14 ÷ 2 + (60 x 6) ÷ 3 – 49 + 15 = ?

Ans
- ✔ A. 41
- ✘ B. 32
- ✘ C. 64
- ✘ D. 56

Q.73 A, B, C, D, E, F, G এবং H একটি বর্গাকার টেবিলকে ঘিরে টেবিলের কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। তাদের মধ্যে কয়েকজন বসে আছে টেবিলের কোণায়, আবার কয়েকজন বসে আছে বাহুগুলোর ঠিক মাঝখানে। B বসে আছে H এর ডানদিকে দ্বিতীয় স্থানে। B কোনো বাহুর মাঝখানে বসে নেই। F বসে আছে E এবং B উভয়েরই ঠিক পাশে। D বসে আছে H এর বামদিকে তৃতীয় স্থানে। G বসে আছে টেবিলের একটি কোণায়। C বসে আছে A এর ডানদিকে দ্বিতীয় স্থানে। D এর বামদিক থেকে গণনা করলে D এবং A এর মাঝে কতজন বসে আছে?

Ans
- ✘ A. তিন
- ✘ B. এক
- ✔ C. পাঁচ
- ✘ D. চার

Q.74 চার অঙ্কের কোন বৃহত্তম সংখ্যাকে 8, 7 এবং 11 দ্বারা ভাগ করলে প্রতি ক্ষেত্রে 4 ভাগশেষ থাকে?

Ans
- ✘ A. 9811
- ✔ B. 9860
- ✘ C. 9624
- ✘ D. 9956

Q.75 স্থির অবস্থায় থাকা একটি বাক্সকে, ডানদিকে 30 N বল প্রয়োগ করে ধাক্কা দেওয়া হল এবং একই সঙ্গে ঘর্ষণ বল বামদিকে 30 N বল প্রয়োগ করে। বাক্সটির গতির কী পরিবর্তন হবে?

Ans
- ✘ A. বাক্সটির ত্বরণ ডানদিকে হবে।
- ✔ B. বাক্সটি স্থির অবস্থায় থাকবে।
- ✘ C. বাক্সটি ধীরগতির হয়ে থেমে যাবে।
- ✘ D. বাক্সটি বিপরীত অভিমুখে সরে যাবে।

Q.76 ΔABC এর দু'টি শীর্ষবিন্দু হল A (1, 5) ও B (4, 7) এবং এর ভরকেন্দ্র D (4, 5) হলে, এর অপর শীর্ষবিন্দু C (x, y) নির্ণয় করুন।

Ans
- ✔ A. C (7, 3)
- ✘ B. C (7, 4)
- ✘ C. C (3, 6)
- ✘ D. C (6, 3)

Q.77 যদি '+' ও '–' পরস্পর স্থান বিনিময় করে এবং '×' ও '÷' পরস্পর স্থান বিনিময় করে, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
108 × 4 – 13 + 4 ÷ 7 = ?

Ans
- ✘ A. 10
- ✘ B. 14
- ✘ C. 16
- ✔ D. 12

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now
GET IT ON Google Play

Q.78 সরল করুন।

$$\frac{(2^4 \times 3^4 \times 5^4)}{(2^2 \times 3^2 \times 5^2)}$$

Ans
✔ A. 900
✗ B. 905
✗ C. 910
✗ D. 909

Q.79 2025 সালের 22 সেপ্টেম্বর প্যারিসে অনুষ্ঠিত অনুষ্ঠানে কোন খেলোয়াড় 2025 সালের ব্যালন ডি'অর (পুরুষ) পুরস্কার জিতেছেন?

Ans
✗ A. আরলিং হাল্যান্ড (Erling Haaland)
✗ B. কিলিয়ান এমবাপ্পে (Kylian Mbappé)
✗ C. জুড বেলেঞ্জাম (Jude Bellingham)
✔ D. ওসমান ডেম্বেল (Ousmane Dembélé)

Q.80 9 একটি নির্দিষ্ট পদ্ধতিতে 117 এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে 12 সম্পর্কিত 156 এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে 17 নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?
(দ্রষ্টব্য: সংখ্যাগুলিকে তাদের উপাদান অঙ্কে বিভাজিত না করে অখণ্ড সংখ্যার উপরেই সকল কার্যক্রম সম্পাদন করতে হবে। যেমন 13 এর ক্ষেত্রে, 13 এর উপরেই যাবতীয় কার্যক্রম সম্পাদন করতে হবে। অর্থাৎ, 13 এর সঙ্গেই যোগ/বিয়োগ/গুণ ইত্যাদি করতে হবে কিন্তু 13 কে তার উপাদান অঙ্ক 1 এবং 3 এ বিভাজিত করে তারপর 1 এবং 3 এর উপর কোনোপ্রকার গাণিতিক কার্যক্রম সম্পাদন করা যাবে না।)

Ans
✗ A. 197
✗ B. 186
✗ C. 201
✔ D. 221

Q.81 কোন সংস্থাটি 2026 সালের মার্চ মাসে আক্রমণাত্মক বহিরাগত প্রজাতি (Invasive alien species) সংক্রান্ত একটি কমিটি গঠন করেছিল?

Ans
✔ A. জাতীয় জীববৈচিত্র্য কর্তৃপক্ষ
✗ B. ইন্ডিয়ান কাউন্সিল অফ ফরেস্ট্রি রিসার্চ
✗ C. সেন্ট্রাল পলিউশন কন্ট্রোল বোর্ড
✗ D. পরিবেশ মন্ত্রক

Q.82 10 ওহম রোধবিশিষ্ট একটি তারকে সমান দু'টি টুকরোয় কাটা হল। টুকরোগুলোকে সমান্তরাল সমবায়ে যুক্ত করলে তুল্য রোধ কত হবে?

Ans
✗ A. 10 ওহম
✔ B. 2.5 ওহম
✗ C. 5 ওহম
✗ D. 20 ওহম

Q.83 যদি '+' ও '–' পরস্পর স্থান বিনিময় করে এবং 'x' ও '÷' পরস্পর স্থান বিনিময় করে, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্ন (?) এর স্থানে কোন সংখ্যাটি বসবে?

42 x 3 – 25 ÷ 5 + (56 x 8) ÷ 2 – 24 = ?

Ans
✗ A. 132
✔ B. 149
✗ C. 158
✗ D. 167

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now
GET IT ON Google Play

Q.84 এই প্রশ্নটি প্রদত্ত শব্দের উপর ভিত্তি করে তৈরি।

(বামদিক) TON TAR DEV TAB (ডানদিক)

ডানদিক থেকে দ্বিতীয় স্থানে থাকা শব্দটির দ্বিতীয় বর্ণ এবং বামদিক থেকে প্রথম স্থানে থাকা শব্দটির দ্বিতীয় বর্ণের মাঝে, ইংরাজি বর্ণমালাতে কতগুলি বর্ণ আছে?

Ans
- ✗ A. 8
- ✓ B. 9
- ✗ C. 6
- ✗ D. 7

Q.85 প্রদত্ত চারটি বিকল্পের মধ্যে তিনটি, ইংরাজি বর্ণানুক্রম ভিত্তিক নির্দিষ্ট পদ্ধতি অনুসারে অনুরূপ এবং এইভাবে একটি দল গঠন করে। কোন বিকল্পটি সেই দলের অন্তর্গত নয়?
[দ্রষ্টব্য: ব্যতিক্রমী বিকল্পটি বর্ণ-গুচ্ছে উপস্থিত ব্যঞ্জনবর্ণ (consonant)/ স্বরবর্ণের (vowel) সংখ্যা কিংবা তাদের অবস্থানের উপর ভিত্তি করে নির্ধারণ করা যাবে না।]

Ans
- ✗ A. ORM
- ✗ B. GJE
- ✗ C. RUP
- ✓ D. LMK

Q.86 শিবম 3 বছরের জন্য একটি সরল সুদের হারে ₹30,000 ধার নিয়েছিলেন। যদি তিনি মেয়াদ শেষে বার্ষিক x% সুদের হারে ₹4,500 সুদ পরিশোধ করেন, তাহলে x এর মান কত?

Ans
- ✓ A. 5
- ✗ B. 4
- ✗ C. 6
- ✗ D. 7

Q.87 MS Word 2021-এ কোনো টেবিলের সিলেক্টেড সেলগুলোর ভেতরের টেক্সটকে কীভাবে উল্লম্বভাবে মাঝখানে (vertically center) আনতে পারবেন?

Ans
- ✗ A. Home tab > Paragraph group > Justify
- ✗ B. Home tab > Paragraph group > Align Right
- ✗ C. Home tab > Paragraph group > Align Left
- ✓ D. সিলেকশনে রাইট-ক্লিক করা > Table Properties > Cell tab > Vertical alignment: Center

Q.88 'সিক্রেট মাউন্টেন' (Secret Mountain) নামক মেটাহিউম্যান ডিজিটাল ব্যান্ডটির (metahuman digital band) ধারণা কার মস্তিষ্কপ্রসূত?

Ans
- ✓ A. এ.আর. রহমান
- ✗ B. অরিজিৎ সিং
- ✗ C. শ্রেয়া ঘোষাল
- ✗ D. শঙ্কর মহাদেবন

Q.89 CM24 একটি নির্দিষ্ট পদ্ধতিতে HR26 এর সঙ্গে সম্পর্কিত। অনুরূপ পদ্ধতি অনুসারে AT15 সম্পর্কিত FY17 এর সঙ্গে। অনুরূপ পদ্ধতি অনুসরণ করে CR12 নিচের কোন বিকল্পটির সঙ্গে সম্পর্কিত?

Ans
- ✗ A. IV14
- ✓ B. HW14
- ✗ C. IW14
- ✗ D. HV14

Q.90 কোশ বিভাজন এবং কার্যকারিতার দিক থেকে কোন বৈশিষ্ট্যটি ভাজক কলাকে (meristematic tissue) অন্যান্য উদ্ভিদ কলা থেকে সবচেয়ে ভালোভাবে আলাদা করে?

Ans
- ✗ A. কোশগুলো উদ্ভিদের সারা দেহে জল এবং খনিজ উপাদান পরিবহন করে।
- ✗ B. কোশগুলো উদ্ভিদের উপরিভাগে একটি প্রতিরক্ষামূলক আবরণ গঠন করে।
- ✗ C. কোশগুলো প্রয়োজনীয় পুষ্টি উপাদান সঞ্চয় করে এবং সঞ্চিত পদার্থ ধরে রাখে।
- ✓ D. কোশগুলো সক্রিয়ভাবে বিভাজিত হয় এবং উদ্ভিদের বৃদ্ধিতে সহায়তা করে।

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now

**Q.91** প্রদত্ত রৈখিক সমীকরণ তন্ত্রটির অসীম সংখ্যক সমাধান রয়েছে।

3x + 7y = 15
ax + by = 30

a এবং b এর মান কত?

**Ans**
- ✗ A. a = 3; b = 7
- ✓ B. a = 6; b = 14
- ✗ C. a = 14; b = 6
- ✗ D. a = 7; b = 3

**Q.92** ভারতের খনিজ সম্পদ প্রকল্প এবং তাদের অবস্থান সম্পর্কে নিচের কোন জোড়াটি ঠিকভাবে মেলানো হয়েছে?

**Ans**
- ✓ A. কুদ্রেমুখ (Kudremukh) লৌহ আকরিক প্রকল্প – কর্ণাটক
- ✗ B. নেভেলি (Neyveli) লিগনাইট প্রকল্প – পাঞ্জাব
- ✗ C. কোরবা কয়লাখনি – রাজস্থান
- ✗ D. রানীগঞ্জ কয়লাখনি – গুজরাট


**Q.93** O কেন্দ্রবিশিষ্ট একটি বৃত্তের বহিঃস্থ বিন্দু Q থেকে PQ ও QR নামে দু'টি স্পর্শক অঙ্কণ করা হল। যদি OQ = 41 cm, ∠PQR = 60° এবং বৃত্তটির ব্যাসার্ধ 9 cm হয়, তবে ΔPRQ এর পরিসীমা নির্ণয় করুন।

**Ans**
- ✗ A. 135 cm
- ✗ B. 95 cm
- ✗ C. 80 cm
- ✓ D. 120 cm

**Q.94** একটি সামান্তরিকের ভূমি, তার উচ্চতার তিনগুণ। যদি সামান্তরিকটির ক্ষেত্রফল 216 $cm^2$ হয়, তবে এর উচ্চতা নির্ণয় করুন।

**Ans**
- ✗ A. $7\sqrt{2}$ cm
- ✗ B. $5\sqrt{2}$ cm
- ✗ C. $8\sqrt{2}$ cm
- ✓ D. $6\sqrt{2}$ cm

**Q.95** প্রদত্ত চিত্রে, AB রেখা CD এর সমান্তরাল এবং RS একটি ছেদক। X এর মান কত?




**Ans**
- ✗ A. 45
- ✗ B. 65
- ✓ C. 55
- ✗ D. 35

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now
GET IT ON Google Play

Q.96 অমিত ভূমিতে দাঁড়িয়ে 100 m দৈর্ঘ্যের সুতো দিয়ে 30° উন্নতি কোণে একটি ঘুড়ি ওড়াচ্ছে। নীতিন আবার 10 m উঁচু একটি বাড়ির ছাদে দাঁড়িয়ে 45° উন্নতি কোণে আরেকটি ঘুড়ি ওড়াচ্ছে। ঘুড়ি দু'টি যেখানে মিলিত হচ্ছে, সেই বিন্দুটির দু'টি বিপরীত পাশে তারা দুজন দাঁড়িয়ে আছে। ঘুড়ি দু'টি যাতে একই বিন্দুতে মিলিত হয়, তার জন্য নীতিনকে কত দৈর্ঘ্যের (m এককে) সুতো ব্যবহার করতে হবে?

Ans
A. $40\sqrt{3}$
B. $40\sqrt{2}$
C. $50\sqrt{2}$
D. $50\sqrt{3}$

Q.97 কোন নৃত্যশৈলীটি আগে যক্ষগান (Yakshagaana) নামে পরিচিত ছিল?

Ans
A. মোহিনীয়াট্টম
B. ভরতনাট্যম
C. কুচিপুড়ি
D. কথক

Q.98 প্রাথমিক ঘাটতি পেতে রাজকোষ ঘাটতি থেকে কোনটি বাদ দেওয়া হয়?

Ans
A. মূলধনী ব্যয়
B. সুদ প্রদান
C. ঋণ
D. রাজস্ব ঘাটতি

Q.99 একটি নির্দিষ্ট কোড ভাষায়,
'wishing everyone well' কে 'lh cv vd' হিসাবে কোড করা হয়,
'wishing happy days' কে 'fv fz lh' হিসাবে কোড করা হয়,
'days everyone enjoy' কে 'cv vm fz' হিসাবে কোড করা হয়।
(সমস্ত কোড শুধুমাত্র দুই-বর্ণের কোড।)

তাহলে, 'happy everyone' এর সম্ভাব্য কোড কী হবে?

Ans
A. vd fz
B. fv lh
C. fv cv
D. cv fz

Q.100 O কেন্দ্রবিশিষ্ট দুটি সমকেন্দ্রিক বৃত্তের বাইরের বৃত্তটির AB জ্যা ভেতরের বৃত্তটিকে C ও D বিন্দুতে ছেদ করে। কেন্দ্র থেকে জ্যাটির দূরত্ব 3 cm, বাইরের বৃত্তের ব্যাসার্ধ 13 cm এবং ভেতরের বৃত্তের ব্যাসার্ধ 7 cm হলে, তবে AC এর দৈর্ঘ্য (cm তে) কত?

Ans
A. $3\sqrt{10}$
B. $5\sqrt{10}$
C. $4\sqrt{10}$
D. $2\sqrt{10}$

Q.101 একজন ইউজার ইন্টারনেটের মাধ্যমে তার সহকর্মীর কাছে একটি বড় ফাইল পাঠাতে চান। এই কাজের জন্য নিচের কোন ইন্টারনেট পরিষেবাটি সবচেয়ে উপযুক্ত?

Ans
A. ইনস্ট্যান্ট মেসেজিং
B. ফাইল ট্রান্সফার প্রোটোকল (FTP)
C. ই-মেইল (E-mail)
D. ওয়ার্ল্ড ওয়াইড ওয়েব

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now
GET IT ON Google Play

Q.102 ₹3059 অর্থরাশিকে এমন তিনটি অংশে ভাগ করা হয়েছে যাতে প্রথম অংশের অর্ধাংশ, দ্বিতীয় অংশের এক-চতুর্থাংশ এবং তৃতীয় অংশের এক-অষ্টমাংশ সমান হয়। তৃতীয় অংশের মান (₹ এ) নির্ণয় করুন।

Ans
- ✗ A. 1548
- ✗ B. 1848
- ✓ C. 1748
- ✗ D. 1948

Q.103 নিচের কোন বিকল্পটি $27x^3 + 343y^3 + 189x^2y + 441xy^2$ এর সমতুল্য?

Ans
- ✓ A. $(3x + 7y)^3$
- ✗ B. $(5x + 7y)^3$
- ✗ C. $(7x + 3y)^3$
- ✗ D. $(3x + 10y)^3$

Q.104 2025 সালের অক্টোবরে নাগপুরে অনুষ্ঠিত **কোল ইন্ডিয়া ইন্টার-কোম্পানি পাওয়ারলিফটিং, ওয়েটলিফটিং এবং বডিবিল্ডিং চ্যাম্পিয়নশিপ 2025-26**-এ কোন দল ওভারঅল চ্যাম্পিয়নশিপ খেতাব জিতেছিল?

Ans
- ✗ A. MCL
- ✗ B. SECL
- ✓ C. WCL
- ✗ D. SCCL

Q.105 নিচে দেওয়া বিবৃতিগুলি থেকে চতুর্ভুজ সম্পর্কিত সঠিক বিবৃতিটি চয়ন করুন।

A. একটি সমদ্বিবাহু ট্রাপিজিয়ামের সমান্তরাল বাহু দুটি পরস্পর সমান।
B. ঘুড়ি এক প্রকার সামান্তরিক।
C. সব বর্গক্ষেত্র হয় রম্বস।
D. যে কোনো চতুর্ভুজের বাহুগুলির মধ্যবিন্দুগুলো যোগ করে গঠিত চতুর্ভুজটি একটি ট্রাপিজিয়াম।

Ans
- ✗ A. A, B, D
- ✗ B. A, D
- ✓ C. শুধু C
- ✗ D. B, C

Q.106 H, I, J, K, U, V, W এবং X একটি বর্গাকার টেবিলকে ঘিরে টেবিলের কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। তাদের মধ্যে চারজন বসে আছে টেবিলের কোণায় এবং বাকি চারজন বসে আছে বাহুগুলোর ঠিক মাঝখানে।
কেবল তিনজন ব্যক্তি বসে আছে J এবং W এর মাঝে। J টেবিলের কোনো কোণায় বসে নেই। আবার I বসে আছে W এর বামদিকে তৃতীয় স্থানে। H বসে আছে J এর বামদিকে দ্বিতীয় স্থানে। V বসে আছে W এবং H উভয়েরই ঠিক পাশে। U বসে আছে J এর ঠিক পাশে। X বসে আছে W এর বামদিকে দ্বিতীয় স্থানে।
K এর বামদিক থেকে গণনা করলে K এবং H এর মাঝে কতজন ব্যক্তি বসে আছে?

Ans
- ✗ A. দুই
- ✗ B. তিন
- ✗ C. এক
- ✓ D. চার

Q.107 রাহুল ও তার পুত্রের বয়সের অনুপাত 7 : 2 হয়। যদি রাহুলের বয়স 49 বছর হয়, তবে তার পুত্রের বয়স কত?

Ans
- ✗ A. 13 বছর
- ✓ B. 14 বছর
- ✗ C. 15 বছর
- ✗ D. 12 বছর

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now
GET IT ON Google Play

**Q.108** 2025 সালের জুন মাসে, নিম্নলিখিত কাকে ভারতের গোয়েন্দা সংস্থা রিসার্চ অ্যান্ড অ্যানালাইসিস উইং (RAW)-এর সচিব হিসেবে নিয়োগ করা হয়েছিল, পররাষ্ট্র বিষয়ক?

Ans
- ✗ A. অরবিন্দ কুমার
- ✗ B. রবি সিনহা
- ✗ C. সামন্ত গোয়েল
- ✓ D. পরাগ জৈন

**Q.109** একজন দোকানদার ₹40,000 মূল্যে একটি ল্যাপটপ কিনলেন। তিনি প্রথমে ল্যাপটপটি 20% লাভে বিক্রি করেন। পরবর্তীতে, ক্রেতা সেটি 10% ক্ষতিতে অন্য একজনের কাছে বিক্রি করলেন। ল্যাপটপটির চূড়ান্ত বিক্রয়মূল্য কত?

Ans
- ✗ A. ₹42,000
- ✓ B. ₹43,200
- ✗ C. ₹48,000
- ✗ D. ₹50,000

**Q.110** নিম্নলিখিত কাকে আরও 2 জন অর্থনীতিবিদের সঙ্গে যৌথভাবে 2025 সালে অর্থনীতিতে নোবেল পুরস্কার প্রদান করা হয়েছে?

Ans
- ✗ A. থমাস পিকেটি (Thomas Piketty)
- ✗ B. পল ক্রুগম্যান (Paul Krugman)
- ✓ C. জোয়েল মকির (Joel Mokyr)
- ✗ D. ড্যারন অ্যাসেমোগ্লু (Daron Acemoglu)

**Q.111** ভৌগোলিক পরিভাষায় অক্ষাংশ এবং দ্রাঘিমাংশকে সাধারণত কী বলা হয়?

Ans
- ✗ A. গ্রহের চিহ্নক
- ✓ B. ভৌগোলিক স্থানাঙ্ক
- ✗ C. ভৌগোলিক সীমানা
- ✗ D. বৈশ্বিক বিভাজন

**Q.112** নিচে একটি প্রশ্ন এবং তারপরে (I) ও (II) সংখ্যাযুক্ত দু'টি বিবৃতি দেওয়া হয়েছে। আপনাকে নির্ধারণ করতে হবে যে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য বিবৃতিতে প্রদত্ত তথ্যসমূহ যথেষ্ট কিনা। বিবৃতিগুলি অধ্যয়ন করে সবচেয়ে উপযুক্ত উত্তরটি চয়ন করুন।

পাঁচজন মেয়ে গৌরী, রাগিনী, নভ্যা, কাজল এবং লাভলি একটি বৃত্তাকার টেবিলকে ঘিরে টেবিলের কেন্দ্রের দিকে মুখ করে বসে আছে। লাভলির ঠিক বামদিকে কে বসে আছে?
(I) গৌরী বসে আছে লাভলির ঠিক ডানদিকে। রাগিনী বসে আছে কাজলের ঠিক বামদিকে।
(II) নভ্যা বসে আছে কাজলের বামদিকে দ্বিতীয় স্থানে। গৌরী বসে আছে নভ্যা এবং লাভলি উভয়েরই ঠিক পাশে।

Ans
- ✓ A. বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।
- ✗ B. I এবং II উভয় বিবৃতি যৌথভাবেও প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।
- ✗ C. বিবৃতি I এবং বিবৃতি II যৌথভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট (এককভাবে বিবৃতি I বা এককভাবে বিবৃতি II প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়)।
- ✗ D. বিবৃতি I এ প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট, কিন্তু বিবৃতি II তে প্রদত্ত তথ্য এককভাবে প্রশ্নটির উত্তর দেওয়ার জন্য যথেষ্ট নয়।

**Q.113** একজন ব্যক্তি P স্থান থেকে Q স্থানে একটি পণ্য কিনতে যান। Q স্থানে পণ্যটির দাম, P স্থানে পণ্যটির দামের তুলনায় 15% কম। তিনি যাত্রা বাবদ ₹150 খরচ করেন। তারপরেও, P স্থান থেকে পণ্যটি কিনলে যত ব্যয় হতো, তার তুলনায় ₹150 সাশ্রয় করেন। P স্থানে পণ্যটির দামে সাপেক্ষে, তার কত শতাংশ সঞ্চয় হবে?

Ans
- ✗ A. 3.5%
- ✓ B. 7.5%
- ✗ C. 9%
- ✗ D. 4.5%

Get the Toppers Choice
BLACKBOOK VOCAB APP - Download Now

Q.114 কোন রাশিটি একটি নির্দিষ্ট সময়কালে কার্য সম্পাদনের হারকে নির্দেশ করে?

Ans
A. শক্তি
B. সরণ
C. ক্ষমতা
D. বল

Q.115 ভারতের কোন সংরক্ষণ এলাকাটি (conservation sites) একশৃঙ্গ গণ্ডারের সফল সংরক্ষণের জন্য বিখ্যাত?

Ans
A. গির জাতীয় উদ্যান
B. পেরিয়ার বন্যপ্রাণী অভয়ারণ্য
C. সাইলেন্ট ভ্যালি জাতীয় উদ্যান
D. কাজিরাঙ্গা জাতীয় উদ্যান

Q.116 কোন অ্যাপ্লিকেশন সফটওয়্যার ব্যবহারকারীকে, ডেটা পরিবর্তনের ফলাফল সঙ্গে সঙ্গে দেখার সুযোগ দেয়?

Ans
A. ওয়ার্ড প্রসেসর
B. ডেটাবেস সফটওয়্যার
C. স্প্রেডশীট
D. প্রেজেন্টেশন টুল

Q.117 P, Q, S, T, Y এবং Z, প্রত্যেকে আলাদা নম্বর পেয়েছে।
Y এর থেকে বেশি নম্বর মাত্র দু'জন পেয়েছে। P এর থেকে কম নম্বর শুধু S পেয়েছে। T পেয়েছে Q এর থেকে বেশি কিন্তু Z এর থেকে কম নম্বর।
T এর থেকে বেশি নম্বর কতজন পেয়েছে?

Ans
A. তিন
B. দুই
C. এক
D. চার

Q.118 উর্বর সমভূমি, শিল্পায়ন এবং নগর উন্নয়নের কারণে বিশ্বের নিম্নলিখিত কোন অঞ্চলে জনঘনত্ব সবচেয়ে বেশি?

Ans
A. আমাজন অববাহিকা
B. দক্ষিণ ও পূর্ব এশিয়া
C. গ্রিনল্যান্ড
D. সাহারা মরুভূমি

Q.119 যদি 'A' এর অর্থ '÷' হয়, 'B' এর অর্থ '×' হয়, 'C' এর অর্থ '+' হয় এবং 'D' এর অর্থ '–' হয়, তাহলে নিচের সমীকরণে প্রশ্নবোধক চিহ্নটির (?) স্থানে কী বসবে?
24 C 16 D 8 A 4 B 2 = ?

Ans
A. 36
B. 32
C. 28
D. 40

Q.120 ভারতের সংবিধানের কোন অনুচ্ছেদেটিতে গ্রাম স্তর, মধ্যবর্তী স্তর ও জেলা স্তরে পঞ্চায়েত সংগঠনের সুনির্দিষ্ট বিধান রয়েছে?

Ans
A. অনুচ্ছেদ 243H
B. অনুচ্ছেদ 243A
C. অনুচ্ছেদ 243D
D. অনুচ্ছেদ 243B

"